

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৬.২৩.০২৬

তারিখ: ২৪ পৌষ ১৪৩১  
০৮ জানুয়ারী ২০২৫


বিষয়: হাই স্কুলগামী কিশোরীদের জন্য নতুন ব্যাংক হিসাব খোলা ও কিশোরীদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর প্রসঙ্গে।

সূত্র: অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৬.২৩.২৩৬৪, তারিখ: ২৪/১২/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে হাই স্কুলগামী কিশোরীদের জন্য সঞ্চয় ও সঞ্চয় প্রণোদনার অর্থ উপজেলা পর্যায়ে বিভিন্ন ব্যাংক হিসাবে IRESPPW (SG), BRDB শিরোনামে পরিচালিত হচ্ছে। প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকে প্রত্যেক কিশোরীদের নামে ব্যক্তিগত ব্যাংক হিসাব পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাই যে সকল উপজেলায় IRESPPW (SG), BRDB শিরোনামে বাংলাদেশ কৃষি ব্যাংক ব্যতিত অন্য কোন ব্যাংকে ব্যাংক হিসাব পরিচালিত হলে তা বন্ধ করে উক্ত হিসাবে জমাকৃত সমুদয় অর্থ নিকটবর্তী বাংলাদেশ কৃষি ব্যাংকে একই শিরোনামে এসএনডি হিসাব খুলে স্থানান্তর করতে হবে। পরবর্তীতে উক্ত হিসাবে জমাকৃত অর্থ প্রতি মাসে কিশোরীদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে তাদের জমাকৃত সঞ্চয় ও সঞ্চয়ের প্রণোদনার অর্থ যাচাইপূর্বক স্থানান্তর করতে হবে। এ বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক হতে পৃথক পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে পত্র জারি করা হবে।

২। উল্লেখ্য, কিশোরীদের ব্যক্তিগত নামে ইতোমধ্যে যে সকল ব্যাংক হিসাব খোলা হয়েছে তার তালিকা সংশ্লিষ্ট সফটওয়্যারের রিপোর্ট অংশে কিশোরী সঞ্চয় আদায় ও প্রণোদনা টপশীট নামে সংরক্ষিত রয়েছে। এ সংক্রান্ত যে কোন পরামর্শ ও সহায়তার জন্য প্রকল্পের প্রোগ্রামার জনাব মো: ফিরোজ আহাম্মেদ (মোবাইল-০১৭১১১৮৯২৫১) এবং জনাব মোছা: হাবিবা সুলতানা রেবা (মোবাইল-০১৭২০৫৮১৩৫৪), সহকারী মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক মহোদয়ের সঙ্গে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। এমতাবস্থায়, প্রত্যেক কিশোরীদের নামে ব্যক্তিগত ব্যাংক হিসাব পরিচালনার স্বার্থে IRESPPW (SG), BRDB শিরোনামে উপজেলায় বাংলাদেশ কৃষি ব্যাংক ব্যতিত অন্য কোন ব্যাংকে ব্যাংক হিসাব পরিচালিত হলে তা বন্ধ করে উক্ত হিসাবে জমাকৃত সমুদয় অর্থ নিকটবর্তী বাংলাদেশ কৃষি ব্যাংকে একই শিরোনামে এসএনডি হিসাব খুলে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন-০২৪১০১০৩৪৩  
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা....., জেলা.....।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:.....।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা.....।
৫. অফিস নথি।